# RAMAKRISHNA VIVEKANANDA MISSION
# Model Question – 2020
# Subject – Math
# Class - II

**F.M. – 100**

**১। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :- (যেকোন ২০ টি)** [১X২০=২০]

ক) কথায় লেখ : ৫ ৮ ০ ৭ ০ ৯

খ) সংখ্যায় লেখ : বাহাত্তর হাজার পঁচিশ ।

গ) তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা কত ?

ঘ) বিয়োগ অঙ্কে ছোট সংখ্যাটিকে কি বলে ?

ঙ) ৪, ৩, ৬, ৮, ০ দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যাটি কত ?

চ) ৫X৪=২০ -এই অঙ্কে গুনক কোনটি ?

ছ) এক বছর কত দিনে হয় ?

জ) ঋণ সংখ্যা বলতে কি বোঝ ?

ঝ) ১ দিস্তা = কত তা ?

ঞ)সরল অঙ্কে যোগ, বিয়োগ, গুন, ভাগ-চারি চিহ্ন একত্রে থাকলে কার কাজ আগে হয়?

ট) এক সহস্রাংশকে কত দ্বারা সূচিত করা হয় ?

ঠ) সামান্য ভগ্নাংশে পরিণত কর : ৭৬৫.০০৯

ড) দশমিক ভগ্নাংশে পরিণত কর : $^{২৯}/_{১০০০}$

ঢ) .৯ + .৭ = কত ?

ণ) ভগ্নাংশ = $\dfrac{?}{\text{যত অংশে সমানভাবে ভাগ করা হল}}$

ত) সংখ্যায় প্রকাশ কর : আটানব্বই ভাগের একচল্লিশ ভাগ ।

থ) ৩৯ $^{৫৭}/_{১০০}$ কে ভাষায় প্রকাশ কর ।

দ) দশ ভাগের এক ভাগকে কী বলা হয় ?

ধ) $^{৭}/_{১২}$ ভগ্নাংশটির লব = কত ? হর = কত ?

ন) কোনো সংখ্যা ৫ দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটির শেষ অঙ্ক কি কি হতে পারে ?

প) .০৩ -কে ভগ্নাংশে লিখলে এর হর কত হবে ?

ফ) এক সমকোণ = কত ডিগ্রী ?

**২। নির্দেশ অনুযায়ী অঙ্কগুলি কর : (যেকোন ১০ টি)** [২ X ১০=২০]

ক) যোগ কর : ৫৪৮.৫৭ + ৭৯৫.৭৯

খ) বিয়োগ কর : ৯৮.০৩ - ৭৫.৬৯

গ) নীচের সংখ্যাগুলি ছোট থেকে বড় সাজাও :

৩১০৫, ৫৩০১, ৩৫০১, ৫১০৩

ঘ) ৯ + ৯৯ + ৯৯৯ + ৯৯৯৯ + ৯৯৯৯৯ = কত ?

ঙ) নীচের সংখ্যাগুলি বড় থেকে ছোট সাজাও :

৫২৮, ৩৮৭, ২৮৭, ৫২৯

চ) গুন কর : ৯৪৮ X ১৯

ছ) ভাগ কর : ৬৯৫৬৭ ÷ ১৭

জ) সরল কর : ১৫২ - ৭৯ + ৮৭ - ২১

ঝ) তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা থেকে দুই অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করে বিয়োগফলের সঙ্গে ৫ যোগ কর ।

ঞ) সামান্য ভগ্নাংশে পরিণত কর : (i) ৭.০০৯

(ii) ৭৬৫.০৯

ট) ভাষায় প্রকাশ কর : (i) ২৫ $^{৫}/_{২১}$

(ii) ১২৩ $^{৯৭}/_{১৮৭}$

**৩। নির্দেশ অনুযায়ী অঙ্কগুলি কর : (যেকোন ৬টি)** [৩ X৬= ১৮]

ক) সরল কর : ৪২ ÷ ৭ X ৯ - ২৪ ÷ ৬ X ১৩

খ) ১৫ দিনে এক পক্ষ, ২৮৫ দিনে কত পক্ষ ?

গ) (i) যোগ কর : ৯৩২৫৭১ + ৫৯৭২১৩ + ৭৩১৯২৫

(ii) বিয়োগ কর : ৭০৪৩১৫ - ৫৯৬৪২৭

ঘ) পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা ও চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত ?

ঙ) ৭৫৩ এর সঙ্গে সবচেয়ে কত কম যোগ করলে, তা ১০ দ্বারা বিভাজ্য হবে ?

চ) সরল কর : ৯.৮ - ৩.৯ + ৮.৭ - ৪.৮

ছ) এক চাকী তার মোট জমির .৪ অংশে ধান, .২ অংশে গম ও .১ অংশে আলু চাষ করল ।ধান, গম আর আলু মিলিয়ে সে তার মোট জমির কত অংশে ফসল লাগালো ?

৪। নীচের অঙ্কগুলি লিখে লিখে কর : (যেকোন ৫ টি) [৫ X৫=২৫]

ক) তোমার বাবা রেশন দোকান থেকে ১৬.২৫ টাকার চাল, ৮.৭৫ টাকার গম, ৬.৫৩ টাকার চিনি ও ৯.৮৪ টাকার রেপসিড তেল কিনলেন । তাঁর কত টাকা খরচ হল ?

খ) সরল কর :

৭২ - ৬১ + ৫৩ - ১২৮ ÷ ৮ X ৩ + ১৪ X ২ - ১৩

গ) একটি গোরুর দাম ৫৮৪ টাকা এবং একটি মহিষের দাম ৮৭৫ টাকা । ১৬ টি গোরু ও ১২ টি মহিষ কিনতে কত টাকা লাগবে ?

ঘ) কোন শহরে ৫২৬৭ জন হিন্দু , ৭৩২৫ জন মুসলমান , ২৯৭ জন খৃষ্টান এবং ২৭৪৮ জন অন্যান্য সম্প্রদায়ের লোক বাস করে । শহরটির লোকসংখ্যা কত ?

ঙ) তোমার বাবা ১০ দিস্তা কাগজ এনেছেন । তুমি ঐ কাগজ দিয়ে ১৫ টি খাতা বানাতে চাও ।এক একটি খাতার জন্য কত তা করে কাগজ নেবে ?(১ দিস্তা = ২৪তা)

চ) একটি ট্রেনে ১৫ টি কামরা আছে । প্রতি কামরায় ১৩ টি করে বেঞ্চি আছে । যদি প্রত্যেক বেঞ্চিতে ১২ জন করে বসে । তাহলে ট্রেনটিতে মোট কত জন লোক বসবে ?

৫। চিত্রসহ সংজ্ঞা লেখ : (যেকোন ৩টি) [৩ X৩=৯]

ক) আয়তক্ষেত্র খ) ব্যাস গ) স্থূলকোণ ঘ) সমদ্বিবাহু ত্রিভুজ

৬। একটি বৃত্ত অঙ্কন করে উহার কেন্দ্র , ব্যাস , ব্যাসার্ধ এবং পরিধি চিহ্নিত কর । [৩]

৭। শূন্যস্থান পূরণ কর : [১X৫=৫]

ক) সাইকেলের চাকা হল ________ এর উদাহরণ ।

খ) সরলরেখা দিয়ে চারদিকে ঘেরা জায়গাকে ________ বা ________ বলে ।

গ) ব্যাসার্ধ হল ব্যাসের ________ ।

ঘ) ________ অপেক্ষা ছোট কোণকে সূক্ষ্মকোণ বলে ।

ঙ) যে ক্ষেত্র সমান চারটি বাহু দ্বারা সীমাবদ্ধ ও কোণগুলি পরস্পর সমান , তাকে বলা হয় ________ ।